



অবি লম্বে প্রকাশে র উদে শ্যে: 10/6/2021

গভর্নর ক্যাথি হোচুল

গভর্নর হোচুল নিউ ইয়র্কের পেশাদার ফুটবল টিমগুলির সাথে অংশীদারিত্বে
#VAXANDWIN ফুটবল সুইপস্টেকসের দ্বিতীয় রাউন্ডের বিজয়ীদের কথা ঘোষণা
করেছেন

পুরস্কারের মধ্যে আছে খেলার টিকিট, বিশেষ খেলার-মধ্যে অভিজ্ঞতা, বাফেলো
বিলস, নিউ ইয়র্ক জায়ান্টস এবং নিউ ইয়র্ক জেটসের থেকে স্বাক্ষর করা সরঞ্জাম এবং
আরো অনেক কিছু

সকল নিউ ইয়র্কবাসী যারা সেপ্টেম্বর 9 থেকে অক্টোবর 24 এর মধ্যে তাদের প্রথম
কোভিড-19 টিকা পেয়েছেন, তারা যোগ্য; বাবা-মা এবং অভিভাবকরা 12-17 বছর
বয়স্ক নিউ ইয়র্কবাসীদের জন্য প্রবেশ করতে পারেন

আরো তিনটি ড্রয়ের আয়োজন করা হবে এখানে উপলভ্য সময়সূচী অনুযায়ী; যোগ্য
নিউ ইয়র্কবাসীর সুইপস্টেকসে প্রবেশ করতে পারবেন এখানে

গভর্নর ক্যাথি হোচুল নিউ ইয়র্ক স্টেটের #VaxandWin ফুটবল সুইপস্টেকসের দ্বিতীয় রাউন্ডের
বিজয়ীদের নাম ঘোষণা করেছেন, এটি একটি নতুন প্রণোদনার প্রোগ্রাম যা টিকা না নেওয়া নিউ
ইয়র্কবাসীদের টিকা নেওয়ার জন্য উৎসাহিত করার জন্য নিউ ইয়র্কের পেশাদার ফুটবল
দলগুলির সাথে অংশীদারিত্বে প্রস্তুত করা হয়েছে। বিজয়ীদের জন্য পুরস্কারের মধ্যে আছে
খেলার টিকিট, বিশেষ খেলার-মধ্যে অভিজ্ঞতা, স্টেডিয়ামের সফর, বাফেলো বিলস, নিউ ইয়র্ক
জায়ান্টস এবং নিউ ইয়র্ক জেটসের সই করা সরঞ্জাম, প্রাক্তন খেলোয়াড়দের সাথে ফেসটাইম
কল এবং আরো অনেক কিছু। নিউ ইয়র্ক স্টেট যদৃচ্ছভাবে করা ড্রয়িংটি পরিচালনা করবে এবং
মোট পাঁচ সপ্তাহ জুড়ে প্রতি সপ্তাহে নতুন বিজয়ীদের নির্বাচন করা হবে। এই সপ্তাহের পরে
আর তিনটি ড্র অবশিষ্ট থাকবে।

সকল নিউ ইয়র্কবাসী যারা তাদের প্রথম কোভিড-19 টিকা পাবেন 9 সেপ্টেম্বর 2021 - 24
অক্টোবর 2021 এর মধ্যে, তারা যোগ্য হবেন। 12-17 বছর বয়স্ক স্কুলে যাওয়ার বয়সী নিউ
ইয়র্কবাসীদের জন্য তাদের বাবা-মা এবং অভিভাবকরা প্রতিযোগিতায় প্রবেশ করতে পারেন।
এই প্রচেষ্টার অংশ হিসাবে, স্টেট প্রতিটি দলের সাথে একটি একীভূত মিডিয়া ক্যাম্পেইন চালু

করেছে, যার মধ্যে রয়েছে কোভিড-19 গ্রহণ করা প্রাক্তন খেলোয়াড়দের টিকাকরণে উৎসাহ প্রদানকারী ভিডিও এবং রেডিও সেগমেন্ট।

"আমরা যদি একসাথে খেলি তাহলে নিউ ইয়র্ক জিতে পারবে," **গভর্নর হোচুল বলেন।** "এর মানে হল, নতুন এবং সৃজনশীল পদ্ধতি ব্যবহার করে সকল নিউ ইয়র্কবাসীকে কোভিড-19 এর বিরুদ্ধে টিকা প্রদান নিশ্চিত করা। আমাদের #VaxandWin ফুটবল সুইপস্টেকস সকল বয়সী নিউ ইয়র্কবাসীদের টিকা গ্রহণ করার জন্য উৎসাহ দিতে সাহায্য করেছে, তাই যখন আমরা কাজে, স্কুলে এবং ফুটবলে ফিরে যাচ্ছি - আমরা তা নিরাপদে করতে পারি। আমাদের দ্বিতীয় রাউন্ডের বিজয়ীদের অভিনন্দন, এবং নিজেকে এবং আপনার সম্প্রদায়কে রক্ষায় আপনার ভূমিকা পালন করার জন্য আপনাকে ধন্যবাদ। যোগ্য নিউ ইয়র্কবাসীদের টিকা গ্রহণে উৎসাহ দেওয়ার প্রচেষ্টায় আমাদের সাথে যোগ দেওয়ার জন্য আমি নিউ ইয়র্কের পেশাদার ফুটবল দলগুলিকে ধন্যবাদ জানাই।"

দ্বিতীয় রাউন্ডের বিজয়ীরা হলেন:

ব্যাফেলো বিলসের পুরস্কারগুলি হল:

- ক্রিস্টি মোরা, ইরি কাউন্টি
- কেনইয়াটা পুল সিঙ্গেলটারি, মনরো কাউন্টি
- ম্যাথিউ ইঙ্গলস, অ্যালোগেনি কাউন্টি
- ফিনিক্স উইলিয়ামস, পাটনাম কাউন্টি
- রিচার্ড লেই, মনরো কাউন্টি
- ক্রিস্টিয়ান বোটেচার, ইরি কাউন্টি
- চ্যাড কোওয়ালিক, জেনেসিস কাউন্টি

নিউ ইয়র্ক জায়ান্টসের পুরস্কারগুলি হল:

- মারকো টারান্টিনো, রিচমন্ড কাউন্টি

নিউ ইয়র্ক জেটসের পুরস্কারগুলি হল:

- অ্যালেক্স বেনভেনিস্তে, ওয়েস্টচেস্টার কাউন্টি
- মাইকেল ডিটস, স্ট্যাটেন আইল্যান্ড
- এমিলি সুইন্ডেন, আলস্টার কাউন্টি
- স্যারা হুড, ডেলাওয়্যার কাউন্টি
- ট্রেসি মায়ারস, নাসাউ কাউন্টি

নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্য বিভাগ (New York State Department of Health) বিজয়ীদের টিকাদানের স্থিতি যাচাই করেছে।

নিউ ইয়র্কবাসীরা [vaccines.gov](https://www.vaccines.gov)-এ দেখতে পারেন, তাদের জিপ কোড 438829 নম্বরে পাঠাতে পারেন, অথবা 1-800-232-0233এ কল করে কাছাকাছি টিকাকরণের অবস্থান খুঁজে পেতে পারেন এবং আজই COVID-19 এর বিরুদ্ধে টিকা নিতে পারেন।

নিউ ইয়র্ক রাজ্যের #VaxandWin ফুটবল সুইপস্টেক সম্পর্কে আরও জানতে, আগ্রহী নিউ ইয়র্কবাসীরা সাইটটি দেখতে পারেন এখানে এবং যোগ্য নিউ ইয়র্কবাসী সুইপস্টেকগুলিতে প্রবেশ করতে পারেন এখানে।

কোভিড-19 টিকা এবং স্কুল-বয়সী শিশুদের সম্পর্কে আরও জানতে, নিউ ইয়র্কবাসীরা আমাদের ডেডিকেটেড ওয়েবসাইট ny.gov/vaxtoschool দেখতে পারেন অথবা অনুসরণ করতে পারেন [@VaccinateNY](https://www.instagram.com/VaccinateNY) ইনস্টাগ্রামে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবন্ধাইব করুন](#)